



০৮ অক্টোবর ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৩ দিনব্যাপী ইনপার্সন শিক্ষক প্রশিক্ষণ কোর্স সমাপ্ত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক পর্যায়ের কলেজ শিক্ষকদের কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিপিডি) এর ১ম ব্যাচের ০৩ দিনব্যাপী ইনপার্সন শিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান আজ ০৮ অক্টোবর, ২০২৪ তারিখ মঙ্গলবার চট্টগ্রাম কলেজের শিক্ষক পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ, কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিপিডি) কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ১ম ব্যাচের কোর্স উপদেষ্টা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অনারারী অধ্যাপক ড. এ আই মাহবুব উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী এবং সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক সালমা পারভীন।

প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের জন্য একটি সুখবর আছে সেটা হলো, অধিভুক্ত স্নাতক ও স্নাতকোত্তর কোর্সের সাথে প্রত্যেক ছাত্র-ছাত্রীর আইসিটি, সফট স্কিল এবং হার্ড স্কিল শিক্ষা বাধ্যতামূলক করা হবে। এতে শিক্ষার্থীরা দেশ ও দেশের বাইরে কাজের অনেক সুযোগ পাবে।” তিনি আরও বলেন, “প্রায় এক হাজার শিক্ষার্থীর রক্তের ঋণে এই বাংলাদেশ এখন দাড়িয়ে রয়েছে। বর্তমানে শিক্ষার অবস্থা ভয়াবহ। আমরা বর্তমান শিক্ষা ব্যবস্থা উত্তরণের জন্য দিন-রাত কাজ করে যাচ্ছি। একটু সময় দেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩৬ লক্ষ শিক্ষার্থীর শিক্ষা ব্যবস্থাকে আমূল পরিবর্তন করার চেষ্টা করবো।”

আঞ্চলিক পর্যায়ের কলেজ শিক্ষকদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে চট্টগ্রাম মহানগরীর ৯টি কলেজের ২৮ জন পুরুষ এবং ১২ জন মহিলা পাঠদানকারী শিক্ষকের অংশগ্রহণে এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। তিন দিনের এই প্রশিক্ষণে সিপিডির মাস্টার ট্রেইনার অধ্যাপক ড. আসিরুল হক এবং মো. আব্দুল হাই প্রশিক্ষণার্থীদের ইনট্রোডাকশন টু পেডাগোজি, লার্নিং এপ্রোসেস এন্ড ওবিই, কন্সট্রাক্টিভ গ্র্যালাইনমেন্ট এন্ড রুম টেকনোলজি এবং গ্রুপ ওয়ার্ক সেমিনার প্রেজেন্টেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

অনুষ্ঠান শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের হাতে প্রশিক্ষণ কোর্সের সার্টিফিকেট তুলে দেন।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়